যুগান্তর

তারিখ ...... 4 JUL 2017
পৃষ্ঠা 2 ...... কলাম 7 ......

# এইচএসসি-আলিম পরীক্ষার ফল ২৪ জুলাইয়ের মধ্যে

**যুগান্তর রিপোর্ট**

এবারের এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষার ফল আগামী ২৪ জুলাইয়ের মধ্যে প্রকাশের প্রস্তুতি চলছে। এ লক্ষ্যে প্রধানমন্ত্রীর কাছে ফলাফলের সারসংক্ষেপ হস্তান্তরের জন্য শিক্ষা মন্ত্রণালয় থেকে ২৩ বা ২৪ জুলাইয়ের যে কোনো একদিন সময় চেয়ে ফাইল পাঠানো হয়েছে। তবে সোমবার পর্যন্ত দিনক্ষণ চূড়ান্ত হয়নি। এ প্রসঙ্গে মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব রুহী রহমান যুগান্তরকে বলেন, প্রধানমন্ত্রীর অ্যাপয়েন্টমেন্ট পাওয়ার পর আমরা ফল প্রকাশের দিনক্ষণ ঘোষণা করব। এর আগে কিছু বলা যাবে না। তবে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান যুগান্তরকে বলেন, ২০ থেকে ২৪ জুলাইয়ের মধ্যে ফল প্রকাশের প্রস্তুতি নিয়ে আমাদের কাজ চলছে। এর মধ্যে যে কোনো একদিন মন্ত্রণালয় ফল প্রকাশের সিদ্ধান্ত আমাদের জানাতে পারে। ১ এপ্রিল এইচএসসি পরীক্ষা শুরু হয়েছিল। এবার ১০ শিক্ষা বোর্ডের অধীনে ১১ লাখ ৮৩ হাজার ৬৮৬ জন অংশ নেয়। লিখিত পরীক্ষা শেষ হয় ১৫ মে। ব্যবহারিকসহ পরীক্ষা শেষ হয় ২৫ মে।